

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের মানুষের জন্য

শুধু ডাল ভাত নয়

মাছ ভাত ও দুধ ভাত নিশ্চিত করা হবে।


মাননীয় কৃষিমন্ত্রী

ঢাকা, ০২ আশ্বিন, ১৪২২ বঃ; ১৭ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ

মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি বলেছেন, সরকার কৃষি, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিত করনে গুরুত্ব দিয়েছে। বাংলার মানুষের জন্য শুধু ডাল ভাত নয় মাছ ভাত ও দুধ ভাত নিশ্চিত করা হবে।

আজ রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইন্সটিটিউট অব মাইক্রোফিন্যান্স(আইএনএম) এ উদ্যোগে “অতিদারিদ্র থেকে পরিত্রানের পন্থা: সংযোগ প্রকল্পের অভিজ্ঞতা” (Pathway out of extreme poverty in Bangladesh: the PRIME experience) শীর্ষক জাতীয় সম্মেলন প্রধান অতিথি হিসেবে উদ্বোধন কালে তিনি এসব কথা বলেন। উক্ত সম্মেলনে সভাপতিত্ব করেন আইএনএম-এর পরিচালনা পর্ষদের সম্মানিত সভাপতি ড. কাজী খলীকুজ্জামান আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুল করিম।

মাননীয় মন্ত্রী আরও বলেন শুধু মাত্র ঋন দিলে মানুষের উন্নতি হবেনা। এজন্য সেবার মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে। শুধু উত্তরবঙ্গ নয় সমগ্র দেশে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন প্রকল্প করে উৎপাদিত পণ্যের বাজারজাত করনের দিকে সরকারের পাশাপাশি আপনাদের খেয়াল রাখতে হবে। এছাড়া তিনি গ্রামাঞ্চলের গৃহিনীদের জ্বালানী ব্যবস্থাপনার কথা উল্লেখ করে “সোলার বার্নার” উদ্ভাবনের পরামর্শ দেন।

 ১৭.০৯.১৫
বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

কৃষিমন্ত্রণালয়,

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mavivekroy07@yahoo.com